গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
স্পেশাল ব্রাঞ্চ, রাজারবাগ, ঢাকা।

বিজ্ঞপ্তি নং-০১/২০২৪

তারিখ: ০৯ বৈশাখ/১৪৩১ বঙ্গাব্দ
২২ এপ্রিল/২০২৪ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, রাজারবাগ, ঢাকা এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত ০৪ (চার) ক্যাটাগরির মোট ৫৪ (চুয়ান্ন) টি শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত নিয়মাবলী ও শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (**http://sbdhaka.teletalk.com.bd** বা **https://www.specialbranch.gov.bd** ) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। **অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।**

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ১. | কম্পিউটার অপারেটর (গ্রেড-১১তম) ১২৫০০-৩০২৩০/- | অনূন্য ৩০ বছর | ০২ | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test- এ উত্তীর্ণ হতে হবে। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ী, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোণা, চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, কুমিল্লা, বি-বাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, বগুড়া, পাবনা, সিরাজগঞ্জ, রাজশাহী, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, ঠাকুরগাঁও, রংপুর, কুড়িগ্রাম, নীলফামারী, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, মেহেরপুর, বরগুনা, পটুয়াখালী, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ।<br>**তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধীগণের ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবে।** |
| ২. | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩তম) ১১০০০-২৬৫৯০/- | অনূন্য ৩০ বছর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য | ০৫ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। সাঁটলিপিতে প্রতি মিনিটে ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৫০ শব্দের গতি থাকতে হবে এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ৩০ শব্দ এবং ইংরেজিতে ২৫ শব্দের গতি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | ঐ |
| ৩. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬তম) ৯৩০০-২২৪৯০/- | অনূন্য ৩০ বছর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য | ৩৮ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | ঐ |
| ৪. | দপ্তরী (গ্রেড-২০তম) ৮২৫০-২০০১০/- | অনূন্য ৩০ বছর | ০৯ | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, ময়মনসিংহ, নেত্রকোনা, চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি, বি-বাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী, বগুড়া, জয়পুরহাট, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, দিনাজপুর, |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | পঞ্চগড়, ঠাকুরগাঁও, রংপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম, খুলনা, সাতক্ষীরা, যশোর, নড়াইল, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ভোলা, বরগুনা, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ।<br><br>**তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধীগণের ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবে।** |

শর্তাবলীঃ

১. **আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

**(ক)** ০১/০৪/২০২৪ তারিখে আবেদনকারীর ন্যুনতম ও সর্বোচ্চ বয়স হবে ১৮-৩০ বৎসর:, **(খ)** মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান (পুত্র/কন্যা) এবং শারীরিক প্রতিবন্ধী কোটায় আবেদনকারী প্রার্থীদের বয়স ১৮ থেকে ৩২ বছর এবং **(গ)** মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যার বয়স ১৮ থেকে ৩০ বছর হতে হবে। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

ঘ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় (√) এর ঘরে টিক চিহ্ন দিতে হবে।

ঙ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

চ) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ছ) কম্পিউটার অপারেটর, সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

জ) একজন প্রার্থী কেবল ০১ (এক) টি পদের জন্য আবেদন করতে পারবে।

ঝ) নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২. **প্রার্থীর যোগ্যতা যাচাই;**

মৌখিক পরীক্ষায় সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ক হতে ঞ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদসহ)

খ) প্রার্থী যে সিটি কর্পোরেশন/ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/কাউন্সিলর কর্তৃক নাগরিকত্বের সনদ।

গ) মহিলা কোটা ব্যতিত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদ।

ঙ) জাতীয় পরিচয়পত্র (NID)।

চ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও (Admit Card)

ছ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা কিংবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদ এবং আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র।

জ) শারীরিক প্রতিবন্ধি, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

ঝ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

ঞ) আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রামানিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন, কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্থলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তাহলে তিনি আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৪. সরকারি নীতিমালা অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৫. লিখিত পরীক্ষায় তারিখ ও সময়সূচী SMS এর মাধ্যমে জানানো হবে। এছাড়া স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.police.gov.bd ও https://www.specialbranch.gov.bd) প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় তারিখ ও সময়সূচি স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.police.gov.bd ও https://www.specialbranch.gov.bd) প্রকাশ করা হবে।

৬. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (https://www.specialbranch.gov.bd বা http://sbdhaka.teletalk.com.bd) দেখা যাবে অথবা QR code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল অথবা https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য ওয়েবসাইটের নোটিশ বোর্ড হতে জানা যাবে।

৭. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮. <u>অনলাইনে (Online) আবেদনের সময়সীমা ও পদ্ধতি নিম্নরূপ:</u>

ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণকে https://www.specialbranch.gov.bd অথবা http://sbdhaka.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে হবে।

<u>আবেদনের সময়সীমা:</u>

i) **Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষা ফি জমাদান শুরুর তারিখ ও সময় (২৫/০৪/২০২৪) খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা।**

ii) **Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় (১৬/০৫/২০২৪) বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে বর্ণিত ওয়েবসাইটে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে হবে।**

খ) Online আবেদনপত্রে প্রার্থীকে তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী User ID, ছবি, এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copyতে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি পিডিএফ কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংক্ষরণ করবেন। Applicant's copy তে একটি User ID Number দেওয়া থাকবে এবং User ID Number ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid Mobile Number এর মাধ্যমে ০২ (দুই)টি SMS করে ক্রমিক নং ১ এ বর্ণিত পদের ক্ষেত্রে আবেদন ফি বাবদ ৩০০/-(তিনশত) টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৩৫/- (পঁয়ত্রিশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৩৩৫/- (তিনশত পঁয়ত্রিশ) টাকা; ক্রমিক নং ২-৩ এ বর্ণিত পদের ক্ষেত্রে আবেদন ফি বাবদ ২০০/-(দুইশত) এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা; ক্রমিক নং ৪-এ বর্ণিত পদের ক্ষেত্রে আবেদন ফি বাবদ ১০০/-(একশত) টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বারো) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। **<u>বিশেষভাবে উল্লেখ্য Online এ আবেদনপত্রের সকল অংশপূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।</u>**

**<u>SMS এর নিয়মাবলীঃ</u>**

**প্রথম SMS:** SBDHAKA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: SBDHAKA ABCDEF

Reply: Applicants Name, Tk-335/223/112 will be charged as application fee, Your PIN is 12345678. To Pay fee Type SBDHAKA<Space>Yes<Space>PIN and send to 16222

**দ্বিতীয় SMS:** SBDHAKA<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: SBDHAKA YES 12345678

Reply: Congratulation Applicant's name, Payment completed successfully for Application for (post name) User ID is (ABCDEF) and Password (XXXXXX)

চ) দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এ Password পাবেন। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।

ছ) SMS এ প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) সময় ও লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়সহ উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন (প্রযোজ্য ক্ষেত্রে):

i) **User ID জানা থাকলে:**

**SBDHAKA**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: **SBDHAKA HELP USER ABCDEF**

ii) **PIN Number জানা থাকলে:**

**SBDHAKA**<space>**Help**<space>**PIN**<space>**PIN no.**& Send to 16222.
Example: **SBDHAKA HELP PIN ABCDEF**

ট) Online আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক মোবাইল থেকে ১২১ অথবা ই-মেইল এ alljobs.query@teletalk.com.bd; বা ssadminsb@police.gov.bd যোগাযোগ করা যাবে। (**Mail এর Subject এ Organization Name: Special Branch, Post Name: ... Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।**

ঠ) টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে।

ড) **ডিক্লারেশনঃ** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৯. এ নিয়োগের ক্ষেত্রে সরকারের যাবতীয় বিদ্যমান বিধি-বিধান/আদেশ এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান (সর্বশেষ) যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করা হবে।

১০. কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে কারণ দর্শানো ব্যতিরেকে পদসংখ্যা হ্রাস/বৃদ্ধিসহ যেকোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

১১. **শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

২২/০৪/২০২৪
(মোঃ আলমগীর রহমান)
বিপি-৬৫৯৫০০৫৪৪৮
বিশেষ পুলিশ সুপার (প্রশাসন)
স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
ও
সদস্য সচিব
এসবি বিভাগীয় নির্বাচন কমিটি।

স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকার ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা এর টেলিটক পোর্টালের QR Code